

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২৬টি প্রতিষ্ঠানকে ৫৮.০০ হাজার টাকা জরিমানা

১৭ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে বরিশাল, ঝিনাইদহ, ফরিদপুর, শেরপুর, ঝালকাঠী, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও এবং রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ঝালকাঠী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠীর নলছিটি উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত) টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মান্নানের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের পীরগাছা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকাসহ মোট ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মোল্লা মেডিসিন কর্ণারকে ১,০০০/- (এক হাজার) টাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে কন্টিনেন্টাল কুরিয়ার সার্ভিসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ৮টি বাজার তদারকি ও ২টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৬টি প্রতিষ্ঠানকে মোট ৫৮,৫০০/- (আটান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১৬ আগস্ট ২০১৬ তারিখে রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমীন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ১টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, বরিশাল, ঝিনাইদহ, ফরিদপুর, শেরপুর, ঝালকাঠী, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও এবং রংপুর।
- ৭। পুলিশ সুপার, বরিশাল, ঝিনাইদহ, ফরিদপুর, শেরপুর, ঝালকাঠী, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও এবং রংপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।